

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
বারঘরিয়া, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- ৪৯.০১.৭০০০.০০৩.২৪.০০১.১৯.৩৪৬২

তারিখ : ১১/১০/২০২৩ খ্রি.

রিসোর্স পুল গঠনের বিজ্ঞপ্তি

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র স্মারক নং-৪৯.০১.০০০০.৩৪০.২৪.০১০.১৮.৪১৫, তারিখ: ২৬.০৯.২০২৩ খ্রি. এর আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত প্রশিক্ষকগণের পাশাপাশি অতিথি প্রশিক্ষক নিয়োজিতকরণের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। এ লক্ষ্যে বিভিন্ন ট্রেড/কোর্সের জন্য রিসোর্স পুল গঠন করা হবে। বিএমইটি'র অধীনে অতিথি প্রশিক্ষক নিয়োজিতকরণের লক্ষ্যে “অতিথি প্রশিক্ষক (Guest Instructor) ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের (Guest Skilled Worker) আমন্ত্রণ ও সম্মানী প্রদান নীতিমালা, ২০২২” অনুযায়ী যোগ্যতা সম্পন্ন ব্যক্তিদের রিসোর্স পুলে তালিকাভুক্ত করা হবে। রিসোর্স পুলে তালিকাভুক্তির জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্র: নং	পদের নাম	ট্রেড/কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	ক্লাশ ও সম্মানী ভাতা
০১	অতিথি প্রশিক্ষক	১। সুইং মেশিন অপারেশন। ২। ফুট এন্ড ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন। ৩। রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং।	সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং সনদধারী হতে হবে এবং NSC Level-2 সনদ থাকতে হবে। NTVQF Level-4 সনদধারী প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।	প্রতি ঘন্টা তাত্ত্বিক ক্লাশ ৪০০/- টাকা ও ব্যবহারিক ক্লাশ ৩৫০/- টাকা সম্মানী প্রাপ্য হবেন (সরকারি বিধি মোতাবেক আয়কর কর্তন করা হবে)। প্রতি মাসে সর্বোচ্চ ৯০টি ক্লাশ।
০২	অতিথি স্কীল্ড ওয়ার্কার	১। সুইং মেশিন অপারেশন। ২। ফুট এন্ড ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন। ৩। রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং।	এসএসসি/সমমান পাশ এবং NTVQF Level-2 সনদ থাকতে হবে।	প্রতি ঘন্টা ক্লাশ ২৫০/- টাকা সম্মানী প্রাপ্য হবেন (সরকারি বিধি মোতাবেক আয়কর কর্তন করা হবে)। প্রতি মাসে সর্বোচ্চ ৮০টি ক্লাশ।

অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার নির্বাচন :

- ক) সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত/বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিবর্গ এবং টিটিসি/আইএমটি/পলিটেকনিক ইনস্টিটিউট এর অবসরপ্রাপ্ত প্রশিক্ষক ও স্কীলড ওয়ার্কার।
খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন সরকারি/বে-সরকারি পর্যায়ের দপ্তর/শিল্প কারখানায় কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী।
গ) সংশ্লিষ্ট কোর্স/ট্রেডে দক্ষ বিদেশ প্রত্যগত অভিবাসী।
- অতিথি প্রশিক্ষক এবং অতিথি স্কীল্ড ওয়ার্কার শুধুমাত্র অধ্যক্ষের আমন্ত্রণের প্রেক্ষিতে প্রশিক্ষণ কার্যক্রমে সম্পৃক্ত থাকবেন।
- অতিথি প্রশিক্ষক এবং অতিথি স্কীল্ড ওয়ার্কারের আমন্ত্রণ নিতান্তই সাময়িক এবং এই সাময়িক ব্যবস্থাপনার সাথে টিটিসিতে তাদের নিয়োগের কোনো সম্পর্ক নেই।
- অতিথি প্রশিক্ষক এবং অতিথি স্কীল্ড ওয়ার্কারের সম্মানী, ক্লাশ এবং সম্মানী পরিশোধের ক্ষেত্রে বিএমইটি'র “অতিথি প্রশিক্ষক নিয়োজিতকরণের লক্ষ্যে “অতিথি প্রশিক্ষক (Guest Instructor) ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের (Guest Skilled Worker) আমন্ত্রণ ও সম্মানী প্রদান নীতিমালা, ২০২২” অনুসরণ করা হবে।
- দক্ষতা উন্নয়ন তহবিল পরিচালনা বোর্ড স্বতঃপ্রনোদিতভাবে বা মহাপরিচালক (বিএমইটি) মহোদয়ের প্রস্তাবের প্রেক্ষিতে এই নীতিমালা পরিবর্তন/সংশোধন/বাতিল করতে পারবে।
- কর্তৃপক্ষ যে-কোনো সময় এই অতিথি প্রশিক্ষক এবং অতিথি স্কীলড ওয়ার্কার নিয়োজিতকরণ বাতিল করতে পারবে। এক্ষেত্রে কারো কোনো ধরনের আপত্তি থাকবে না।

আগ্রহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (E-mail Address সহ), ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার, চারিত্রিক, নাগরিকত্ব, জাতীয় পরিচয়পত্রসহ সকল প্রকার সনদের সত্যায়িত অনুলিপি সহ, অধ্যক্ষ, চাঁপাইনবাবগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বারঘরিয়া, চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০, বরাবর আবেদন আগামী ২৫-১০-২০২৩ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি জমা দিতে হবে। আবেদনপত্রে মোবাইল নম্বর ও পদের নাম খামের উপর অবশ্যই উল্লেখ করতে হবে।

(মোঃ মঈন উদ্দিন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

চাঁপাইনবাবগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
বারঘরিয়া, চাঁপাইনবাবগঞ্জ।

E-mail: ttchpainaawabganji@gmail.com